# সেবা এক্সওয়াইজেডের চেয়ারম্যানের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা




সংগৃহীত ছবি

দেশীয় প্রযুক্তিভিত্তিক প্রতিষ্ঠান সেবা এক্সওয়াইজেড–এর প্রধান নির্বাহী ও চেয়ারম্যান আদনান ইমতিয়াজ হালিমকে আসামি করে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন আদালত। কোম্পানির সাবেক এক কর্মকর্তার করা মামলায় গত ১৮ ফেব্রুয়ারি ঢাকার চিফ মেট্রোপলিটন আদালত–৩–এর অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোহাম্মদ সেফাতুল্লাহ এ আদেশ দেন।

মামলার বাদী রোনাল্ড মিকি গোমেজ, যিনি প্রতিষ্ঠানটির সাবেক চিফ অপারেটিং অফিসার ছিলেন। তার অভিযোগ, চাকরিকালীন সময়ে বেতনের বিপরীতে যে আয়কর কেটে রাখা হয়েছে, তার কোনো চালানপত্র তাকে দেওয়া হয়নি। এতে প্রায় ১৮ লাখ টাকার বেশি অর্থ সরকারি কোষাগারে জমা হয়েছে কি না—তা নিয়ে তিনি সংশয় প্রকাশ করেছেন।

তার দাবি, ২০২৪ সালের মাঝামাঝি থেকে পরবর্তী এক বছর পর্যন্ত বেতন থেকে উল্লেখযোগ্য অঙ্কের কর কাটা হয়। পরে পদত্যাগের আগে-পরে কয়েক মাসের বেতন বকেয়া থাকলেও কর কাটা অব্যাহত ছিল। কিন্তু আয়কর রিটার্ন জমা দিতে প্রয়োজনীয় প্রমাণপত্র না পাওয়ায় তিনি আর্থিক ঝুঁকিতে পড়েছেন বলে জানান।

আদালত সূত্রে জানা গেছে, সংশ্লিষ্ট সিআর মামলায় পরোয়ানা জারি করে তা কার্যকর করার জন্য আইনশৃঙ্খলা বাহিনীকে নির্দেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে বকেয়া বেতন আদায়ে শ্রম আদালতেও পৃথক মামলা করেছেন বাদী। তার অভিযোগ, মামলা তুলে নিতে চাপ দেওয়া হচ্ছে।

এ বিষয়ে আদনান ইমতিয়াজ হালিমের প্রতিক্রিয়া জানতে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি। তার ব্যবহৃত ফোন নম্বর বন্ধ ছিল এবং অনলাইন বার্তাতেও কোনো উত্তর মেলেনি।